

২০২১

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-9

(ছন্দ, অলংকার ও কাব্যতত্ত্ব)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) দলবৃত্ত বা শ্বাসঘাতপ্রধান বা স্বরবৃত্ত বা বলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ১০
- অথবা,
- (খ) সংজ্ঞা ও দৃষ্টান্তসহ পরিচয় দাও (যে-কোনো দু-টি)। ২×৫
- (অ) ছেদ ও যতি
- (আ) পর্বের সংজ্ঞা ও শ্রেণিবিভাগ
- (ই) পয়ারের শোষণশক্তি।
- ২। (ক) অনুপ্রাস অলংকার কাকে বলে? যে-কোনো দু-টি অনুপ্রাস অলংকার সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৪+৪
- অথবা,
- (খ) উৎপ্রেক্ষা অলংকারের সংজ্ঞা দাও। এই অলংকারের বিভাগগুলি সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৮
- ৩। (ক) “বাক্যের শব্দ আর অর্থকে আটপৌরে না রেখে সাজসজ্জায় সাজিয়ে দিলেই বাক্য কাব্য হয়ে ওঠে।” — উদাহরণসহ উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করো। ১০
- অথবা,
- (খ) গ্রিক দার্শনিক অ্যারিস্টটলের অনুসরণে ‘অনুকরণ তত্ত্ব’টি সংক্ষেপে ব্যাখ্যা করো। ১০
- ৪। ছন্দোলিপি প্রণয়ন করো।
- (মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যিক)
- (ক) গঙ্গাপ্রাপ্তি আশা ক’রে গঙ্গাযাত্রা করেছিলাম,
তোমাদের না ব’লে ক’য়ে আস্তে আস্তে সরেছিলাম। ৫

Please Turn Over

অথবা,

- (খ) প্রিয়, ফুল খেলবার দিন নয় অদ্য
এসে গেছে ধবংসের বার্তা।
দুর্যোগে পথ হয় হোক দুর্বোধ্য
চিনে নেবে যৌবন আত্মা।

৫

৫। অলংকার নির্ণয় করো।

- (ক) মধুহীন কোরো না গো তব মনঃ
কোকনদে।

৫

অথবা,

- (খ) এ পুরীর পথ-মাঝে যত আছে শিলা,
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।

৫

৬। (ক) “এই ‘অতিরিক্ত বস্তু’-ই কব্যের আত্মা” কব্যের এই অতিরিক্ত বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা,

- (খ) ‘অনুকরণের বিষয়’ বলতে অ্যারিস্টটল কী বুঝিয়েছিলেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫

৭। যে-কোনো একটি বিষয় সম্পর্কে আলোচনা করো।

৫×১

- (ক) মিশ্রবৃত্ত বা অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দের মাত্রাগণনা রীতি
(খ) সমাসোক্তি অলংকার
(গ) অনুভাব।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) দল কয় প্রকার ও কী কী?
(খ) কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত ছন্দে রুদ্রদল কয় মাত্রায় গঠিত হয়?
(গ) মুক্তক ছন্দের প্রবর্তক কে?
(ঘ) মিশ্রবৃত্ত বা অক্ষরবৃত্ত ছন্দের মূলপর্ব কয় মাত্রায় গঠিত হয়?
(ঙ) “হাজার বছর ধ’রে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে” — কী ছন্দ?
(চ) উপমা অলংকারের চারটি অঙ্গ কী কী?
(ছ) লুপ্তোপমা অলংকারের দৃষ্টান্ত দাও।
(জ) কোন অলংকারে উপমেয়কে অস্বীকার করে উপমানকে প্রতিষ্ঠিত করা হয়?

- (ঝ) “ভারত ভারতখ্যাত আপনার গুণে” — কী অলংকার?
- (ঞ) একটি ছেকানুপ্রাস অলংকারের উদাহরণ দাও।
- (ট) দু-জন ভারতীয় অলংকারিকের নাম লেখো।
- (ঠ) ‘কাব্যং গ্রাহ্যমলংকারাৎ’ — কে বলেছিলেন?
- (ড) ‘কাব্যনির্মাণকৌশলের তিন ভাগ’ — কী কী?
- (ঢ) সংস্কৃত অলংকার শাস্ত্র অনুযায়ী যে-কোনো চারটি রসের নাম লেখো।
- (ণ) অনুকরণকে গ্রিক ভাষায় কী বলা হয়?
-